

নম্বর- ২৩.০৯.২৬৮০.১৭২.১৬.০০২.২৫.৫৭০
বিষয়: মার্চ-মে ২০২৬ খ্রি: এর আবহাওয়ার পূর্বাভাস।

তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩২
০১ মার্চ ২০২৬

১. মার্চ ২০২৫-ফেব্রুয়ারি ২০২৬ মাসে Southern Oscillation Index (SOI) এর মান ছিল যথাক্রমে +১০.০, +৩.৬, +২.১, +১.৮, +৬.৮, +২.১, +০.২, +১০.৯, +১২.৫, ০.১, ৯.৯ ও ১১.৫ (Bureau of Meteorology, Australia)।

২. ফেব্রুয়ারি ২০২৬ মাসে সারাদেশে স্বাভাবিক অপেক্ষা কম (-৯৯.৪%) বৃষ্টিপাত হয়েছে। ১৭ ফেব্রুয়ারি ২০২৬ নিরক্ষীয় ভারত মহাসাগর ও তৎসংলগ্ন দক্ষিণ বঙ্গোপসাগর এলাকায় একটি লঘুচাপ তৈরি হয় এবং এটি ২০ ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত একই এলাকায় অবস্থান করে। ২১ ফেব্রুয়ারি ২০২৬ নিরক্ষীয় ভারত মহাসাগর ও তৎসংলগ্ন দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর এলাকায় একটি লঘুচাপ তৈরি হয় এবং ২২ ফেব্রুয়ারি ২০২৬ এটি দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন নিরক্ষীয় ভারত মহাসাগর এলাকায় সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয়। ২৩ ফেব্রুয়ারি ২০২৬ এটি দুর্বল হয়ে লঘুচাপে পরিণত হয় এবং ২৫ ফেব্রুয়ারি ২০২৬ গুরুত্বহীন হয়ে যায়। উপ-মহাদেশীয় উচ্চচাপ বলয়ের বর্ধিতাংশ বাংলাদেশের পশ্চিমাঞ্চল পর্যন্ত বিস্তার লাভ করায় ৬-৮ ফেব্রুয়ারি ২০২৬ সময়ে কোথাও কোথাও মৃদু শৈত্য প্রবাহ বয়ে যায়। ফেব্রুয়ারি মাসে দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫.০°সে. (রাজশাহী, ১৮ ফেব্রুয়ারি ২০২৬) এবং সর্বনিম্ন তাপমাত্রা ৮.৪°সে. (শ্রীমঙ্গল, ৬ ফেব্রুয়ারি ২০২৬) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ ও গড় তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা যথাক্রমে ১.৭°সে. ও ০.৭°সে. বেশি এবং সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা ০.৩°সে. কম ছিল। বৃষ্টিপাত, তাপমাত্রা, শৈত্য প্রবাহ, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা ফেব্রুয়ারি ২০২৬ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।
৩. প্রাপ্ত আবহাওয়া উপাত্ত, উর্দাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, Climate Predictability Tool (CPT), ECMWF, JMA, APCC-Korea, RIMES, C3S এবং বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs) থেকে প্রাপ্ত NWP মডেল পূর্বাভাস, SOI (এল-নিনো/লা-নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণপূর্বক মার্চ-মে ২০২৬ খ্রি: এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলো:

বিভাগ	মার্চ ২০২৬ খ্রিঃ		এপ্রিল ২০২৬ খ্রিঃ		মে ২০২৬ খ্রিঃ		মার্চ ২০২৬ মাসে মাটির আর্দ্রতা (%)
	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	
ঢাকা	৪৬	৩৫ - ৫৫	১৪৮	১৪০-১৬০	২৬১	২৫০-২৭০	১৮-২৮
ময়মনসিংহ	৫২	৪৫ - ৬০	১৬৪	১৫০-১৭০	৩৫০	৩৪০-২৬০	২০-৩০
চট্টগ্রাম	৫৮	৫৫ - ৬৮	১৪৩	১৩৫-১৫৫	৩৪১	৩৩০-৩৫০	২০-৩০
সিলেট	১১৪	১১০ - ১৩০	২৯৬	২৮০-৩১০	৫২৯	৫২০-২৪০	২০-৩০
রাজশাহী	২৯	২০ - ৩০	৯৩	৮০-১০০	১৮৫	১৭০-১৯০	১৫-২৫
রংপুর	২৯	২০ - ২০	১২৯	১২০-১৪০	২৬৮	২৬০-২৮০	১৭-২৭
খুলনা	৩৭	৩৫ - ৪৫	৭৯	৭০-৯০	১৭৬	১৭০-১৮০	১৫-২৫
বরিশাল	৪৫	৩৫ - ৫০	১৩৩	১২০-১৪০	২৩৫	২৩০-২৪০	২০-৩০

- সামগ্রিকভাবে দেশে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।
- এপ্রিল থেকে মে মাসে বঙ্গোপসাগরে ২-৩টি লঘুচাপ সৃষ্টি হতে পারে যার মধ্যে একটি নিম্নচাপ/ঘূর্ণিঝড়ে পরিণত হতে পারে।
- দিন ও রাতের তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা বেশি থাকতে পারে।
- দেশে ৬-৯ দিন বজ্র ও শিলাবৃষ্টিসহ হালকা থেকে মাঝারি ধরনের এবং ২-৪ দিন তীব্র কালবৈশাখি ঝড় হওয়ার সম্ভাবনা রয়েছে।
- দেশে ৪-৭ টি মৃদু (৩৬-৩৭.৯°সে.) থেকে মাঝারি (৩৮-৩৯.৯°সে.) এবং ২-৪টি মাঝারি (৩৮-৩৯.৯°সে.) থেকে তীব্র (৪০-৪১.৯°সে.) তাপ প্রবাহ বয়ে যেতে পারে।

০১/০৬/২৬

(মোঃ মমিনুল ইসলাম)
পরিচালক (চলত দায়িত্ব)

ও

চেয়ারম্যান, বিশেষজ্ঞ কমিটি

মাননীয় মন্ত্রী
কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ইমেইল: minister@moa.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, info@modmr.gov.bd
- মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, cab_secy@cabinet.gov.bd
- মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, psecy@pmo.gov.bd
- সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, secretary@mopa.gov.bd
- সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mowr.gov.bd

- সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, secy@mincom.gov.bd
- সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, secretary@mod.gov.bd
- সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, secretary@modmr.gov.bd
- সচিব, কৃষি মন্ত্রণালয়, secretary@moa.gov.bd
- সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mofood.gov.bd